



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং ৩৮.০১.০০০০.১০৭.১১.০০১.২০২০- ২০০৬


তারিখ: ২৬ অগ্রহায়ণ, ১৪২৭  
২৬ ডিসেম্বর, ২০২০

বিষয়: দৈনিক মজুরি ভিত্তিতে পিইডিপি ৪ এর আওতায় জনবল নিয়োজিতকরণের জন্য আবেদন প্রেরণ।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরীয় মাঠ পর্যায়ের বিভাগীয় কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, পিটিআই, উপজেলা শিক্ষা অফিস, ইউআরসি হতে সংশ্লিষ্ট অফিস প্রধানগণ পিইডিপি ৪ এর আওতায় দৈনিক মজুরি ভিত্তিতে জনবল নিয়োজিতকরণের জন্য আবেদনসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি প্রেরণ করছেন। পরবর্তীতে প্রস্তাবিত প্রার্থীকে নিয়োজিতকরণের জন্য গন্যমান্য ব্যক্তি এবং স্থানীয় নেতৃবৃন্দ তদবির করছেন, যা অনভিপ্রেত। ভবিষ্যতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে এ ধরনের প্রস্তাব প্রেরণ থেকে বিরত থাকার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

০২। এমতাবস্থায়, এ নির্দেশনার পরেও কোন কর্মকর্তা পিইডিপি ৪ এর আওতায় দৈনিক মজুরি ভিত্তিতে জনবল নিয়োজিতকরণের জন্য প্রস্তাব প্রেরণ করলে বিষয়টি কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার শামিল হিসেবে গণ্য করা হবে।

০৩। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।

  
মোঃ দেলোয়ার হোসেন  
উপপরিচালক (সংস্থাপন)

বিতরণ:

- ০১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা,  
ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ
- ০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা.....।
- ০৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), .....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংরক্ষণ নথি।